

## সিএসআর কার্যক্রম :

প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা হচ্ছে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক স্বেচ্ছাপ্রণোদিত কার্যকলাপ যা অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত টেকসই রীতি-নীতিতে পরিচালিত হয়ে থাকে। সামাজিক দায়বদ্ধতার ধারণাটি আর্থিক খাতের মূলধারায় আনয়নের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত পদক্ষেপ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিভিন্ন সামাজিক কার্যক্রম তথা দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও মানবিক সহায়তামূলক কর্মসূচী বিস্তারে উৎসাহিত করেছে। সিএসআর কার্যক্রম বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০২২ সালে জারীকৃত এসএফডি সার্কুলার নং.০১, তারিখঃ ০৯.০১.২০২২ এর মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র নং-৫৩.০০.০০০০.৩১১.৫১.০০১.১৫- ৫১০, তারিখঃ ২১-০৮-২০১৬ এর মাধ্যমে কতিপয় পূর্বশর্ত আরোপ করে সিএসআর এর জন্য নির্ধারিত ১১টি উপ-খাতে অর্থ ব্যয়ের দিক নির্দেশনা প্রদান করা হয়। অগ্রণী ব্যাংক লিমিটেড উল্লিখিত সার্কুলার/নির্দেশনা অনুসরণ করেই সিএসআর খাত হতে অনুদান/ত্রাণ প্রদান করে আসছে। ২০১১ সাল হতে ২০২১ সাল পর্যন্ত অত্র ব্যাংক মোট ৩৫.৮০ কোটি টাকা সিএসআর খাত হতে অনুদান/ত্রাণ বিতরণ করেছে।

বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা মোতাবেক অগ্রণী ব্যাংক লিমিটেড ২০২০ সালে বিশেষ সিএসআর খাতে ৬২.৭৮ লক্ষ টাকা অত্র ব্যাংকের ৯৬২ টি শাখার মাধ্যমে সিটি কর্পোরেশন এলাকাসমূহের বস্তিবাসী, ছিন্নমূল এবং করোনাভাইরাস সংক্রমণের কারণে সাময়িকভাবে বেকার হয়ে পড়া ব্যক্তিদের পরিবারের জন্য ও বিভিন্ন জেলার হতদরিদ্র, সাময়িক কর্মহীন এবং প্রান্তিক জনগোষ্ঠী যারা করোনা ভাইরাসজনিত রোগ বিস্তারের কারণে স্বাভাবিক জীবন-জীবিকা নির্বাহে অসমর্থ বা ক্ষতিগ্রস্ত হচ্ছেন তাদের মধ্যে সফলতার সাথে বিতরণ করেছে।

২০২২ সালে বন্যা ও পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে অগ্রণী ব্যাংক লিমিটেডের সকল নির্বাহী/ কর্মকর্তা/কর্মচারীদের ১দিনের বেতন এবং সিএসআর খাত হতে মোট ৩.০০ কোটি টাকা প্রধানমন্ত্রী ত্রাণ তহবিলে অনুদান দেয়া হয়েছে।

দেশকে নিরক্ষরতা মুক্ত করে ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে দিতে সরকারের নেয়া বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়নের লক্ষ্যে ২০২২ সালে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলে ১৫ লক্ষ ৮৪ হাজার টাকার আর্থিক অনুদান দেয় অগ্রণী ব্যাংক লিমিটেড। অর্থের অভাবে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা জীবন নিশ্চিত করণের লক্ষ্যে তাদেরকে উপবৃত্তি প্রদান ও শিক্ষার মানোন্নয়নে এই অনুদান দেয়া হয়।

বর্তমানে অগ্রণী ব্যাংক লিমিটেডের নিজস্ব সিএসআর নীতিমালা প্রণয়নের বিষয়ে বিশেষ উদ্যোগ হাতে নেয়া হয়েছে।